অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2026 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল শতাব্দী-প্রাচীন চেম্বার্স স্ট্রিট সাবওয়ে স্টেশন পুনরুদ্ধারের লক্ষ্যে একটি ব্যাপক আধুনিকীকরণ প্রকল্পের ঘোষণা করেন

কনজেশন প্রাইসিং অর্থায়নের মাধ্যমে প্রকল্পটি সম্ভব হয়েছে

সংস্কারের কাজের মধ্যে রয়েছে কাঠামো পুনর্নির্মাণ, টাইলস প্রতিস্থাপন এবং সিঁড়িগুলির মানোন্নয়ন

চেম্বারস স্ট্রিট স্টেশনের ছবিগুলো এখানে দেখুন

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, মেট্রোপলিটন ট্রান্সপোর্টেশন অথরিটি (Metropolitan Transportation Authority, MTA) সাবওয়ে সিস্টেমের অন্যতম ঐতিহাসিক স্টেশন — 1913 সালে চালু হওয়া Chambers St **JZ** (চেম্বারস স্ট্রিট জে-জেড) স্টেশন এর ডিজাইন, নির্মাণ ও সংস্কারের জন্য ঠিকাদার খুঁজছে। এই সামগ্রিক সংস্কার প্রকল্পের আওতায় স্টেশনটির স্থাপত্যশৈলী সহ এর কাঠামো পুনর্নির্মাণ, টাইলস পরিবর্তন, সিঁড়ির উন্নয়ন এবং স্টেশনটির আমূল সংস্কার করা হবে। প্রকল্পটি MTA-এর 2020 – 2024 সালের মূলধনী পরিকল্পনার অংশ এবং কনজেশন প্রাইসিং (যানজট নিরসনমূলক মূল্য নির্ধারণ ব্যবস্থা) থেকে প্রাপ্ত অর্থায়নের মাধ্যমে এটি বাস্তবায়িত হচ্ছে।

"আমাদের পরিবহন ব্যবস্থায় কয়েক দশক ধরে অপর্যাপ্ত বিনিয়োগের এক জীবন্ত নিদর্শন হয়ে দাঁড়িয়ে আছে চেম্বার্স স্ট্রিট, তবে কনজেশন প্রাইসিং থেকে প্রাপ্ত অর্থায়নের সুবাদে অবশেষে সেই পরিস্থিতির পরিবর্তন ঘটতে চলেছে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "আমি নিউ ইয়র্কবাসীদের কথা দিয়েছিলাম যে, কনজেশন প্রাইসিং কেবল আমাদের বাতাসকেই নির্মল করবে না এবং যান চলাচলকে দ্রুততর করবে না, বরং এটি আমাদের সিটির প্রাণশক্তিকে উন্নত করার লক্ষ্যে বিপুল পরিমাণ বিনিয়োগের পথও প্রশস্ত করবে। এই প্রকল্পটিকে এগিয়ে নেওয়া এবং চেম্বার্স স্ট্রিটের অত্যন্ত প্রয়োজনীয় সংস্কারকাজ সম্পন্ন করার মাধ্যমে নিউ ইয়র্কবাসীদের দেখানো সম্ভব হবে যে, পরিবহন ব্যবস্থায় বিনিয়োগ করলে কী ধরনের সাফল্য অর্জন করা যায়।"

এই প্রকল্পটির আওতায় স্টেশনটির সামগ্রিক সংস্কার করা হবে, যার ফলে এর বাহ্যিক রূপ ও অবকাঠামো, উভয়েরই উন্নয়ন ঘটবে এবং একই সাথে স্টেশনটির ঐতিহাসিক বৈশিষ্ট্যগুলোও অক্ষুণ্ন রাখা হবে। চেম্বার্স স্ট্রিট মার্কিন যুক্তরাষ্ট্রের ডিপার্টমেন্ট অফ ইন্টেরিয়র (U.S. Department of the Interior) কর্তৃক ঘোষিত জাতীয় ঐতিহাসিক স্থানসমূহ (National Historic Places)-এর তালিকায় অন্তর্ভুক্ত এবং একটি সাধারণ কর্মদিবসে গড়ে 18,196 জন যাত্রী

যাতায়াত করে। MTA এই বছরের শেষ নাগাদ ডিজাইন-তৈরির চুক্তিটি প্রদান করবে। পুরো সাবওয়ে সিস্টেমের মধ্যে চেম্বারস স্ট্রিট স্টেশনটি মেরামত ও সংস্কারের জন্য সবচেয়ে জরুরি প্রয়োজনগুলোর তালিকায় রয়েছে, জলের কারণে ক্ষতি এবং কয়েক দশক ধরে কাঠামোগত জরাজীর্ণতার কারণে যাত্রীদের অসুবিধার সম্মুখীন হওয়া।

MTA সভাপতি এবং প্রধান নির্বাহী কর্মকর্তা Janno Lieber (জ্যান্নো লিবার) বলেন, "জরাজীর্ণ সাবওয়ে স্টেশনগুলোর মধ্যে চেম্বারস স্ট্রিট হলো এক প্রকৃষ্ট উদাহরণ। কনজেশন প্রাইসিং-এর কল্যাণে, একবিংশ শতাব্দীতে প্রবেশের জন্য যে সামগ্রিক সংস্কারের প্রয়োজন ছিল, আমরা অবশেষে তা সম্পন্ন করতে পারছি।"

মেয়র Zohran Kwame Mamdani (জোহরান কোয়ামে মামদানি) বলেন, "ভেঙে পড়া ছাদের টাইলস, ক্ষতিগ্রস্ত সিঁড়ি এবং নিয়মিত জল চুইয়ে পড়ার সমস্যার মতো চেম্বারস স্ট্রিট সাবওয়ে স্টেশনের অবস্থা যেমন দৃষ্টিকটু সেরকম আমাদের সিটির জন্যও অশোভন। নিউ ইয়র্কবাসীদের এমন একটি পরিবহন ব্যবস্থা প্রাপ্য যা কেবল তাদের মেনে নিতে বাধ্য করে না, বরং সানন্দে গ্রহণ করার সুযোগ দেয় এবং যা আমাদের সিটিকে সচল রাখে, যার মধ্যে রয়েছেন সিটির হাজার হাজার কঠোর পরিশ্রমী কর্মী, যারা কর্মস্থলে যাতায়াতের সময় এই স্টপটির ওপর নির্ভর করেন। সেই প্রচেষ্টায় একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণের জন্য আমরা গভর্নর ও MTA-র কাছে কৃতজ্ঞ এবং আমাদের পরিবহন ব্যবস্থাকে এমন একটি ব্যবস্থায় পরিণত করতে আমরা তাদের সাথে কাজ চালিয়ে যাওয়ার প্রত্যাশা করি, যার জন্য সকল নিউ ইয়র্কবাসী গর্ব বোধ করতে পারেন।"

MTA কনস্ট্রাকশন অ্যান্ড ডেভেলপমেন্ট (MTA Construction & Development)-এর প্রেসিডেন্ট Jamie Torres-Springer (জেমি টরেস-স্প্রিঙ্গার) বলেন, "ঐতিহাসিক চেম্বার্স স্ট্রিট স্টেশনটির সংস্কারের কাজ অনেক আগেই হওয়া উচিত ছিল। কনজেশন প্রাইসিং কর্মসূচি যে পুরো পরিবহন ব্যবস্থা জুড়ে অত্যন্ত গুরুত্বপূর্ণ রক্ষণাবেক্ষণ ও সংস্কার কাজকে ত্বরান্বিত করছে, এটি তার সাম্প্রতিকতম উদাহরণ।"

প্রকল্পের আওতাভুক্ত বিষয়গুলি হলো:

- স্টেশনটি রং করা
- পাবলিক মেজানাইনগুলোর নির্দিষ্ট কিছু এলাকায় মেঝে নতুন করে প্লাস্টার করা বা টাইলস বসানো
- স্টেশনের সিঁড়ি ও দরজা সহ স্টেশনের বিদ্যমান উপাদানসমূহ প্রতিস্থাপন বা পরিবর্তন করা

- ক্ষতিগ্রস্ত স্টেশন ফিনিশিং প্রতিস্থাপন এবং ঐতিহাসিক স্টেশন ফিনিশিং পুনরুদ্ধার করা, যার মধ্যে রয়েছে সিরামিক টাইলস, মোজাইক, টেরাকোটা অলঙ্করণ, বেস টাইলস, কংক্রিট ও মার্বেল বেস এবং ট্রিম

- কাঠামোগত মেরামত, জল চুইয়ে পড়া রোধ এবং ছাদের উন্নয়নমূলক কাজ সম্পাদন করা

- স্টেশনে নতুন আলোকব্যবস্থা ও ক্যামেরা স্থাপন এবং বিদ্যমান CCTV ব্যবস্থা আপডেট করা

- নতুন শিল্পকর্ম স্থাপনের জন্য প্রস্তুতিমূলক কাজ সম্পন্ন করা

2025 সালের জানুয়ারি মাসে কনজেশন রিলিফ জোন (Congestion Relief Zone) বা যানজট নিরসন এলাকায় টোল ব্যবস্থা চালু হওয়ার পর থেকে সেন্ট্রাল বিজনেস ডিস্ট্রিক্টে (Central Business District) যান চলাচল কমেছে এবং বায়ুর গুণমান, পথচারীদের চলাচল ও শব্দদূষণ সংক্রান্ত অভিযোগের হারের মতো জীবনযাত্রার মানের সূচকগুলির উন্নতি হয়েছে। এই কর্মসূচিটি MTA-এর 2020 -2024 সালের মূলধনী পরিকল্পনার জন্য 15 বিলিয়ন ডলারও জেনারেট করছে।

গত মাসে, MTA ঘোষণা করেছে ব্রঙ্কসের 3 Av-138 St এবং Brook Av 6 সাবওয়ে স্টেশনগুলিতে আমেরিকান উইথ ডিসেবিলিটি অ্যাক্ট (Americans with Disabilities Act, ADA) অনুযায়ী প্রবেশযোগ্যতার উন্নতিবিধানকারী নির্মাণের জন্য একটি চুক্তির পুরস্কার ঘোষণা করেছে এবং পাঁচটি ব্রুকলিন সাবওয়ে স্টেশনে লিফট সহ ব্রঙ্কস-এ প্রবেশযোগ্যতার আপগ্রেডের জন্য একটি প্রস্তাবের অনুরোধ (Request for Proposals, RFP) ইস্যু করা হয়েছে। পুরো নেটওয়ার্কজুড়ে সহজগম্য স্টেশনগুলোর ভৌগোলিক আওতা বৃদ্ধির লক্ষ্যে এই স্টেশনগুলোকে নির্বাচন করা হয়েছিল। কনজেশন প্রাইসিং থেকে প্রাপ্ত তহবিলের মাধ্যমে উভয় প্রকল্পই বাস্তবায়ন করা সম্ভব হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।